পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
কালিয়াচক-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কালিয়াচক-২ , মালদহ
Email ID- cdpokck2@gmail.com

স্মারকসংখ্যাঃ ১১৯ /আইসিডিএস/ কেসিকে-২ তারিখঃ ২৭/০২/২০২৪

## বিজ্ঞপ্তি (NOTICE)

এতদ্বারা জানানো যাচ্ছে যে কালিয়াচক-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে **অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে** নিযুক্তির জন্য কেবল মাত্র কালিয়াচক-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এলাকার অর্থাৎ কালিয়াচক-২ পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত নিম্নলিখিত গ্রাম পঞ্চায়েতসমূহের স্থায়ী বাসিন্দা **(কেবলমাত্র মহিলা)** এমন প্রার্থী তথা আবেদনকারিণীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত ব্যক্তি কোন মতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি সহায়িকাদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি সহায়িকাদের চালু সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক **২২৫০/-** টাকা ও অতিরিক্ত ভাতার পরিমান মাসিক ৪০৫০/- টাকা।

**সরাসরি নিয়োগের মাধ্যমে শূণ্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:**

| গ্রাম পঞ্চায়েত | মোট শূন্য পদ | অসংরক্ষিত (UR) | তপশিলী জাতি (SC) | তপশিলী উপজাতি (ST) | অন্যান্য অনগ্রসর শ্রেণী – A (OBC-A) | অন্যান্য অনগ্রসর শ্রেণী – B (OBC-B) | বিশেষ ভাবে সক্ষম শ্রেণী (PWD) | আর্থিকভাবে দুর্বল শ্রেণী (EWS) |
|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর পঞ্চানন্দপুর -১ গ্রাম পঞ্চায়েত | ০৩ | নাই | নাই | ০২ | নাই | নাই | ০১ | নাই |
| উত্তর পঞ্চানন্দপুর -২ গ্রাম পঞ্চায়েত | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই | নাই |
| বাঙ্গিটোলা গ্রাম পঞ্চায়েত | ০৫ | নাই | ০২ | ০২ | নাই | নাই | ০১ | নাই |
| রথবাড়ি গ্রাম পঞ্চায়েত | ০১ | নাই | নাই | ০১ | নাই | নাই | নাই | নাই |
| গঙ্গাপ্রসাদ গ্রাম পঞ্চায়েত | ০২ | নাই | ০১ | ০১ | নাই | নাই | নাই | নাই |
| উত্তর লক্ষীপুর গ্রাম পঞ্চায়েত | ০৩ | ০১ | ০১ | নাই | ০১ | নাই | নাই | নাই |
| মোথাবাড়ি গ্রাম পঞ্চায়েত | ০২ | ০১ | ০১ | নাই | নাই | নাই | নাই | নাই |
| হামিদপুর গ্রাম পঞ্চায়েত | ০৫ | ০১ | ০১ | ০১ | নাই | ০১ | নাই | ০১ |
| রাজনগর গ্রাম পঞ্চায়েত | ০২ | ০১ | ০১ | নাই | নাই | নাই | নাই | নাই |

**বিঃ দ্রঃ**

**(১) পশ্চিমবঙ্গের বাইরে থেকে জারি হওয়া তপশিলী জাতি/ তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/ বিশেষ ভাবে সক্ষম শ্রেণী প্রার্থীদের শংসাপত্র এক্ষেত্রে গ্রাহ্য হবে না।**

**(২)** তপশিলী জাতি/তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B- সংশ্লিষ্ট প্রার্থীর কোলকাতা ব্যতীত বাকি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মহকুমাশাসক কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোনো প্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না। কোলকাতা থেকে জারি হওয়া শংসাপত্রের ক্ষেত্রে জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা জেলা কল্যাণ আধিকারিক, কোলকাতা (District Welfare Officer, Kolkata) ব্যতীত অন্য কোনপ্রকারে জারি হওয়া শংসাপত্র গ্রাহ্য করা হবে না।

**(৩)** বিশেষ ভাবে সক্ষম শংসাপত্র- সংশ্লিষ্ট প্রার্থীকে পশ্চিমবঙ্গের কোন সরকারী মেডিক্যাল কলেজের মেডিক্যাল বোর্ড বা পশ্চিমবঙ্গের কোন জেলা হাসপাতালের বা পশ্চিমবঙ্গের কোন মহকুমা হাসপাতালের মেডিক্যাল বোর্ডের দ্বারা প্রদত্ত শংসাপত্র জমা করতে হবে। এক্ষেত্রে **West Bengal Persons with Disabilities (Equal Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 প্রযোজ্য হবে।** প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (Issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে নথিপত্র যাচাইয়ের সময়ে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথির Original Copy জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।

(৪) অর্থনৈতিকভাবে দুর্বল (EWS) প্রার্থীদের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী প্রয়োজনীয় শংসাপত্র জমা করতে হবে।

**আবশ্যিক শর্তাবলী:**

**ক)** প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক এবং মহিলা হতে হবে।

**খ) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**: আবেদনের তারিখকে ভিত্তি করে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের ক্ষেত্রে প্রার্থীকে যেকোনো স্বীকৃত বোর্ড (Recognized Board) থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা পাশ হতে হবে (সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A/B), বিশেষ ভাবে সক্ষম, অর্থনৈতিকভাবে দুর্বল (EWS) ইত্যাদি সকলের ক্ষেত্রেই প্রযোজ্য। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবে না।

**গ) বয়সঃ ০১/০১/২০২৪** তারিখে প্রার্থীকে ন্যূনতম **১৮ বছর** বয়সের হতে হবে। তিনি উক্ত ০১/০১/২০২৪ তারিখে কোনমতেই ৩৫ বছরের বেশি বয়সের হতে পারবেন না, **অর্থাৎ সকল প্রার্থীর জন্ম তারিখ ০২/০১/১৯৮৯ বা তার পরে এবং ০১/০১/২০০৬ বা তার আগে হতে হবে।** এই শর্তাবলী সকল শ্রেণীর প্রার্থীদের যথা- সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A & B), বিশেষ ভাবে সক্ষম- সবক্ষেত্রেই প্রযোজ্য হবে।মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার রেজিস্ট্রেশন বা অ্যাডমিট কার্ড বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে। অন্য কোনরূপ প্রমাণ এক্ষেত্রে গ্রাহ্য হবে না।

**ঘ) স্থায়ী বাসস্থান সংক্রান্ত শর্তঃ প্রার্থী যে গ্রাম পঞ্চায়েতে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের জন্য আবেদন করবেন, তাঁকে অবশ্যই সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।** স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র হিসাবে প্রার্থীর ভোটার কার্ড (EPIC) বিবেচনা করা হবে।যদি কোনো প্রার্থীর ভোটার কার্ড (EPIC) না থাকে, তাহলে সেই প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/ জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক/ সংশ্লিষ্ট মহকুমা শাসক/ সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/ সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র বিবেচিত হবে। প্রসঙ্গত, যে কোনো সফল নির্বাচিত প্রার্থীকে তার পদে যোগদান করার আগে অবশ্যই তার **ভোটার কার্ড (EPIC)** পেশ করতে হবে। অন্যথায় তাঁর যোগদান গৃহীত/অনুমোদিত হবে না।

**ঙ) পরীক্ষাঃ** সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য প্রার্থী তথা আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।পরীক্ষার পূর্ণমান ১০০। প্রথমে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষা হবে ২ ঘন্টার। লিখিত পরীক্ষায় পাশ করলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশাধিকার পাওয়া যাবে।মৌখিক পরীক্ষা ১০ নম্বরের। অনুলিখনের (বিশেষ ভাবে সক্ষমদের জন্য) ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অতিরিক্ত ৪০ মিনিট সময় বরাদ্দ থাকবে। অর্থাৎ লিখিত পরীক্ষায় অনুলিখনের ক্ষেত্রে মোট সময় ২ (দুই) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিট বরাদ্দ থাকবে।

**লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপঃ**

১) বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা লিখন (অষ্টম শ্রেণী মানের) – **১৫ নম্বর**
২) পাটিগণিত (অষ্টম শ্রেণী মানের) – **২০ নম্বর**
৩) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন- **১৫ নম্বর**
৪) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম/নবম শ্রেণী মানের) – **২০ নম্বর**
৫) সাধারণ জ্ঞানের প্রশ্ন – **২০ নম্বর**

**ইংরাজী ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে। রচনা লিখন বাংলাতে লিখতে হবে।** রচনা লিখন ব্যতীত বাকি সকল প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। লিখিত পরীক্ষায় উপরোক্ত (ক) রচনা লিখন, (খ) পাটিগণিত (অষ্টম শ্রেণী মানের), (গ) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন, (ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম/নবম শ্রেণী মানের) ও (ঙ) সাধারণ জ্ঞানের প্রশ্ন- এই পাঁচটি ক্ষেত্রে।

লিখিত পরীক্ষায় পাশ করলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার

তারিখ প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে প্রার্থীদের জানানো হবে। বিশেষ ক্ষেত্রে সরকারী আদেশনামা অনুসারে নির্বাচকমণ্ডলীর অনুমোদন সাপেক্ষে ১:৫ অনুপাতে ( শূন্য পদ সংখ্যা: মৌখিক পরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নিতে পারে। কোন বিশেষ শ্রেণীতে (সংরক্ষণভিত্তিক) উপযুক্ত সংখ্যায় প্রার্থী কম থাকলে কম সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষায় ডাকা হতে পারে।একই নম্বর প্রাপ্ত একই শ্রেণীর (সংরক্ষণভিত্তিক) সকল প্রার্থীকেই মৌখিক পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। **যদি কোন ক্ষেত্রে দেখা যায় একই শ্রেণীর দুই বা ততোধিক প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর সমান, সেক্ষেত্রে যাঁর বয়স বেশি তাঁকে সরকারী আদেশ অনুসারে অগ্রাধিকার দেওয়া হবে।**

***** লিখিত, মৌখিক পরীক্ষা ও Admit Card (প্রবেশ পত্র) সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নলিখিত পোর্টাল/ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।**

**চ) <u>সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলীঃ</u>** সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। মৌখিক পরীক্ষার সময় শংসাপত্রের আসল দাখিল করতে হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচিত করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে।

**ছ) <u>অবসরকালীন বয়সঃ</u>** বর্তমানে সরকারী নির্দেশিকা অনুসারে প্রতিটি অঙ্গনওয়াড়ি সহায়িকার ৬৫ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলকভাবে এই স্বেচ্ছাসেবামূলক কর্মজীবনের অবসান ঘটবে।

**জ) <u>কর্মক্ষেত্রঃ</u>** আবেদনকারিণী এই সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীনস্থ যে গ্রাম পঞ্চায়েতে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে কাজের জন্যে আবেদন করেছেন, তাকে সেই গ্রাম পঞ্চায়েতের যে কোন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।

**ঝ) <u>প্রশিক্ষণঃ</u>** সমস্ত প্রশিক্ষণ বাধ্যতামূলক এবং পশ্চিমবঙ্গের যে কোন স্থানে প্রশিক্ষণ হতে পারে।

**ঞ) <u>আবেদন সংক্রান্ত শর্তাবলী ও আবেদন পত্র জমা করার সময় সীমাঃ</u>**

আবেদনকারিণীদের নিম্নলিখিত ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন জমা করতে হবে।

**পোর্টাল/ওয়েবসাইটঃ <u>https://maldaicdsrecruitment.in</u>**

## আবেদন করা শুরুর তারিখঃ ০১/০৩/২০২৪

## আবেদন করার শেষ তারিখঃ ৩১/০৩/২০২৪

অনলাইন দরখাস্ত করার সময়ে শুধুমাত্র নিম্নলিখিত প্রমাণপত্র সমূহের স্ক্যান কপি ওয়েবসাইটে আপলোড করতে হবেঃ

১) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন পাশপোর্ট মাপের ছবি (Background White) (ছবির মাপ হতে হবে ২৫ কেবি থেকে ৫০ কেবি এর মধ্যে JPG/JPEG/PNG Format এ)

২) কালো কালিতে আবেদনকারিণীর সম্পূর্ণ স্বাক্ষর (সাইজ হবে ১০ থেকে ২০ কেবি এর মধ্যে JPG/JPEG/PNG Format এ)।

**(ট) <u>বিশেষ ভাবে সক্ষম শ্রেণীর প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্যঃ</u>**

প্রার্থীকে ন্যূনতম ৪০% অক্ষম হতে হবে। যে সকল বিশেষ ভাবে সক্ষম প্রার্থীদের লেখার ক্ষেত্রে প্রয়োজনীয় সক্ষমতার অভাব আছে, তাঁরা প্রয়োজনে অনুলেখকের (scribe) সহায়তা নিতে পারেন। সেক্ষেত্রে এইসকল ব্যক্তিদের ক্ষেত্রে তাঁরা সর্বমোট ৪০ (চল্লিশ) মিনিটের ক্ষতিপূরক (Compensatory) সময় পাবেন অর্থাৎ তাঁদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে ২(দুই) ঘণ্টা ৪০(চল্লিশ) মিনিটের। তবে সেক্ষেত্রে আবেদনপত্র দাখিল করার সময়েই সেই সংক্রান্ত তথ্য ওয়েবসাইট বা পোর্টালে আপলোড করতে হবে এবং আবেদনের কপি ও প্রয়োজনীয় নথিপত্র (Appendix-I) সংশ্লিষ্ট সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণে স্ব-প্রত্যয়িত কপি পরীক্ষার কমপক্ষে ১৫ দিন পূর্বে জমা দিতে হবে। আবেদন করার সময় উত্তীর্ণ হয়ে গেলে কোনভাবেই আর তাঁরা অনুলেখক সংক্রান্ত তথ্য জমা করতে পারবেন না এবং পরীক্ষাকেন্দ্রে অনুলেখকের সহায়তা পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচিত হবেন না।

** অনুলেখককে অবশ্যই প্রার্থী পদের যোগ্যতামানের থেকে নিম্নতর যোগ্যতার কোন মহিলা হতে হবে। পরীক্ষার আগে অনুলেখক সংক্রান্ত হলফনামা নির্দিষ্ট ফর্মে পরীক্ষাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত পরিদর্শকের কাছে জমা করতে হবে। এই ফর্ম প্রার্থীকে যথাযথভাবে পুরন করে পরীক্ষাকেন্দ্রে জমা দিতে হবে। এই বিজ্ঞপ্তির সাথে Appendix-I সংযুক্ত করা হল যা পশ্চিমবঙ্গের কোন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক বা পশ্চিমবঙ্গের কোন সরকারি সাহায্যপ্রাপ্ত হাসপাতাল বা চিকিৎসাকেন্দ্রের স্বাস্থ্য অধ্যক্ষের (Medical Superintendent) দ্বারা স্বাক্ষরিত হতে হবে।

**(ঠ)** নির্ধারিত সময়ে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র **(Admit Card)** ডাউনলোড করা যাবে **<u>https://maldaicdsrecruitment.in</u>** পোর্টাল/ ওয়েবসাইট থেকে। পরীক্ষা কেন্দ্রে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্রের **(Admit Card)** প্রিন্ট আউট এবং সচিত্র পরিচয় পত্রের যেকোনো একটির Original Copy সঙ্গে করে আনতে হবে। অন্যথায় তাঁদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না। পরীক্ষার তারিখ ও সময় উপরোক্ত ওয়েবসাইট/পোর্টাল-এ বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।

বিঃ দ্রঃ

- কোন ভুল বা অসঙ্গত তথ্য দিলে বা উপরোক্ত কোন আবশ্যিক শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য করা হবে এবং এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না। শুধু মাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাবে।
- পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোনরূপ গাড়ী ভাড়া বা অপর কোন খরচ প্রকল্প কার্যালয় বহন করবে না।
- যদি প্রমাণিত হয় কোন প্রার্থী তাঁর নিয়োগের ক্ষেত্রে কোনরূপ প্রভাব বিস্তার করেছেন বা অসাধু উপায় অবলম্বন করেছেন, তাহলে কর্তৃপক্ষ তাঁর প্রার্থীপদ বাতিল করবেন।এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।
- যে কোন বিষয়ে বিতর্কের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে। সেক্ষেত্রে কোন প্রার্থীকে তার প্রার্থীপদ বাতিল করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষই নিতে পারবেন।
- আবেদনপত্রের কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসঙ্গত বলে বিবেচিত হবে। জমা করা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ গ্রাহ্য করা হবে না।
- নিয়োজিত হলে প্রবীণত্ব (Seniority), নিয়োগের শর্ত, বদলি, ইত্যাদি ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- বিজ্ঞপ্তির লিখিত তথ্য খুঁটিয়ে পড়ে তবেই আবেদন করবেন অন্যথায় আবেদনপত্রে ভুল থাকতে পারে। ভুল আবেদনপত্র বাতিল হবে।এজন্য কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**কালিয়াচক-২ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**কালিয়াচক-২ , মালদহ**

**স্মারকসংখ্যাঃ ১১৯/১(২৮) /আইসিডিএস/ কেসিকে-২** **তারিখঃ ২৭/০২/২০২৪**

১)মাননীয়া অধিকর্তা (Director of ICDS), সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, পশ্চিমবঙ্গ সরকার, শৈশালি ভবন, সল্টলেক, কলকাতা-৬৪
২)মাননীয়া অতিরিক্ত সচিব (Additional Secretary), পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ন ও সমাজকল্যান বিভাগ, বিকাশ ভবন, কলকাতা-৯১
৩)মাননীয়া সাবিনা ইয়াসমিন, দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, সেচ ও জলপথ পরিবহন, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকার ও সহ-সভাপতি, ডি.এল.এস.এম.সি, মালদহ
৪)মাননীয়া সভাধিপতি, মালদা জেলা পরিষদ, মালদহ
৫)মাননীয় জেলা শাসক ও সভাপতি, ডি.এল.এস.এম.সি, মালদহ
৬)মাননীয় নীহার রঞ্জন ঘোষ, বিধায়ক, চাঁচল ও সদস্য, ডি.এল.এস.এম.সি, মালদহ
৭)মাননীয় অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), মালদা
৮)মাননীয় মহকুমা শাসক, মালদা সদর মহকুমা ও সদস্য, ডি.এল.এস.এম.সি, মালদহ
৯)মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস.) ও সদস্য, ডি.এল.এস.এম.সি, মালদহ
১০)মাননীয় জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, মালদা
১১)মাননীয় সভাপতি, কালিয়াচক-২ পঞ্চায়েত সমিতি, মালদহ
১২) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, কালিয়াচক-২ উন্নয়ন ব্লক ও সদস্য, ডি.এল.এস.এম.সি, মালদহ
১৩) মাননীয় সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, বাঙ্গিটোলা গ্রামীন হাসপাতাল ও সদস্য, ডি.এল.এস.এম.সি, মালদহ
১৪) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কালিয়াচক-২ ব্লক, মালদহ
১৫) মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক), মোথাবাড়ি ও মোথাবাড়ি নিউ চক্র, মালদহ
১৬) মাননীয় সহ কৃষি অধিকর্তা, কালিয়াচক-২ ব্লক, মালদহ
১৭) মাননীয় পোস্ট মাস্টার, কালিয়াচক-২ ডাকঘর, মালদহ
১৮) মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, কালিয়াচক-২ থানা, মালদহ
১৯-২৭) মাননীয় প্রধান (সকল), ........................................ গ্রাম পঞ্চায়েত, কালিয়াচক-২ ব্লক, মালদহ
২৮) কার্য্যালয়ের প্রতিলিপি

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**কালিয়াচক-২ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**কালিয়াচক-২ , মালদহ**

APPENDIX-I

## CERTIFICATE REGARDING PHYSICAL LIMITATION IN AN EXAMINEE TO WRITE

This is to certify that, I have examined Mr/ Ms/ Mrs........................................................................(Name of the Candidate with disability), a person with.......................................................................................(nature and percentage of disability as mentioned in the certificate of disability), S/o/D/o.................................................................................................... a resident of .............................................................................................................( Village/ District/ State) and to state that he/she has physical limitation which hampers his/her writing capabilities owing to his/her disability.

Signature

Chief Medical Officer/ Medical Superintendent of a Government health care institution

Name & Designation......................................................................................

Name of Government Hospital/ Health Care centre with seal.................................................................

Place...............................

Date................................

**Note:**

Certificate should be given by a specialist of th relevant stream/disability

(e.g. Visual impairment- Opthalmologist, Locomotor disability- Orthopaedic specialist/PMR)